



NYC জাতিগত ন্যায়বিচার কমিশন
জাতিগত ন্যায়বিচারের জন্য NYC উন্মুক্ত মতামত সেশন
বৃহস্পতিবার, ১৮ নভেম্বর, ২০২১, বিকেল ৫:০০ টায়

উন্মুক্ত মতামত সেশনের বিজ্ঞপ্তি

নিউইয়র্ক সিটি জাতিগত ন্যায়বিচার কমিশন জাতিগত সাম্য অর্জনের জন্য NYC সনদে কাঠামোগত পরিবর্তন নিয়ে ভার্চুয়ালি, জুম (Zoom)-এ একটি উন্মুক্ত মতামত সেশনের আয়োজন করবে। জনসাধারণের জন্য বৃহস্পতিবার, ১৮ নভেম্বর, ২০২১, বিকেল ৫:০০ টায় প্রবেশদ্বার উন্মুক্ত করা হবে।

মতামত সেশনটি ভার্চুয়ালি, জুম (Zoom)-এ অনুষ্ঠিত হবে:

বৃহস্পতিবার, ১৮ নভেম্বর

বিকেল ৫:০০ টা থেকে ৮:০০ টা পর্যন্ত

মতামত প্রদানের জন্য এই লিংকে গিয়ে অবশ্যই অগ্রীম নিবন্ধন করতে হবে: bit.ly/nyc4rj-virtual

সাধারণ জনগণ নিম্নোক্তভাবে দূর থেকে সেশনটি দেখতে বা শুনতে পারবেন:

- YouTube-এ on.nyc.gov/racialjusticepublicinput লিংকে গিয়ে সরাসরি দেখতে পারবেন
- ফোনের ডায়াল করে মতামত সেশনটি নিম্নোক্ত তথ্য ব্যবহার করে শুনতে পারেন:
 - ডায়াল করুন: +1 646 558 8656
 - ওয়েবিনার আইডি নম্বর দিন: 839 2403 2801

এই সভা জনসাধারণের জন্য উন্মুক্ত এবং কমিশনের সদস্যদের সামনে জনসাধারণ সাক্ষ্য দেওয়ার সুযোগ পাবে। যেকোনো ব্যক্তি কোনও দল, সংস্থা বা প্রতিষ্ঠানের পক্ষে একক মনোনীত প্রতিনিধিসহ তিন (৩) মিনিট পর্যন্ত সাক্ষ্য দিতে পারেন। পাঁচটি বোরোর যেকোনো একটি থেকে নিউইয়র্কবাসী সাক্ষ্য দিতে পারেন। যারা এই শুনানিতে কথা বলতে স্বাক্ষর করবেন তাদের প্রত্যেককে উপযুক্তভাবে সংকুলান করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করব, তবে যদি সময় না থাকে তবে ভার্চুয়ালি বা ব্যক্তিগতভাবে কমিশনের পরবর্তী উন্মুক্ত মতামত সেশনগুলির একটিতে সাক্ষ্য দেওয়ার অন্যান্য সুযোগ প্রদান করব।

সভাটি পর্যবেক্ষণ করার জন্য আমার কোন সহায়তা প্রয়োজন হলে কী হবে?

অনলাইনে আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ভাষান্তর পরিষেবা প্রদান করা হবে। অনুগ্রহ করে ১৫ নভেম্বর, ২০২১ সকাল ১০:০০ টার মধ্যে কমিশনকে requests@charter.nyc.gov-এ ইমেল করে অথবা (718) 354-2718 নম্বরে কল করে এবং একটি ভয়েস মেল পাঠিয়ে ভাষান্তর ও/বা অন্যান্য অভিজ্ঞতা সংক্রান্ত অনুরোধগুলি করুন। সমস্ত অনুরোধ যথাসম্ভব গ্রহণ করা হবে।

NYC জাতিগত ন্যায়বিচার কমিশন পরিচিতি

নিউইয়র্ক সিটি চার্টারে (New York City Charter) সিটি প্রশাসনের কাঠামো এবং সিটির নির্বাচিত কর্মকর্তা

ও এজেন্সিগুলির মূল ক্ষমতা বিবৃত রয়েছে। জাতিগত ন্যায়বিচার কমিশনকে একটি চার্টার সংশোধন কমিশনের কর্তৃত্বসহ ক্ষমতা প্রদান করা হয়েছে। এটি একটি অস্থায়ী কমিশন যা পুরো চার্টারটি পর্যালোচনা করতে পারে এবং যেকোনো প্রস্তাবকে সংশোধনের জন্য ভোটারদের সামনে উপস্থাপন করে। জাতিগত ন্যায়বিচার কমিশনকে অন্যান্য প্রস্তাবিত নীতি ও কর্মসূচি-গত পরিবর্তনগুলিও সুপারিশ করার জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে, যেগুলি তার সংশোধনের প্রস্তাবগুলিতে অন্তর্ভুক্ত নয়।

মিশন বিবৃতি: একটি চার্টার সংশোধন কমিশনের (Charter Revision Commission) আইনি কর্তৃত্বসহ ক্ষমতাপ্রাপ্ত জাতিগত ন্যায়বিচার কমিশন কাঠামোগত পরিবর্তন ও উল্লেখযোগ্য নীতিগত সংস্কারগুলিকে সনাক্ত করার জন্য ইতিহাসে এই মুহূর্তটির রূপান্তরকারী সম্ভাবনাকে কাজে লাগাবে, যা জাতিগত ন্যায়বিচার ও সাম্যকে এগিয়ে নিবে এবং সকল নিউইয়র্কবাসীর জন্য কাঠামোগত জাতিবাদকে ভেঙে ফেলা শুরু করবে। একটি ন্যায্য, ন্যায়সঙ্গত ও পক্ষপাতহীন নিউইয়র্ক সিটি গড়ে তোলার লক্ষ্যে সামনের পথটিকে রূপ দেওয়ার জন্য, কমিশনটি একটি সমৃদ্ধ, কমিউনিটি-সম্পৃক্ত, এবং তথ্য-ভিত্তিক নির্দেশনা প্রস্তুত করতে চেষ্টা করবে। নিউইয়র্ক সিটি চার্টারের মাধ্যমে কোন বিষয়গুলিকে অনন্যভাবে সমাধান করা যায় তার ওপরে মনোযোগ দেওয়ার পাশাপাশি কমিশন বৈষম্যের মূল কারণগুলি সমাধান করার লক্ষ্যে স্টেট ও ফেডারাল পর্যায়ে কী কী পরিবর্তন করতে হবে, এবং বেসরকারি কোম্পানিগুলিকে কী করতে হবে সে সংক্রান্ত সুপারিশমালাও অন্তর্ভুক্ত করতে পারে।